আকাশ যখন ছাদ, রোদ-বৃষ্টি তার নিত্য সঙ্গী

মেহেরপুরের গাংনীতে প্রতিবন্ধী ৪ কন্যাকে নিয়ে মানবেতর জীবন পার করছে মা মেহেরনীগার। একদশক আগে স্বামী হারিয়ে ভিক্ষা করে সংসার চালায় মেহেরনীগার। কখনো খেয়ে আবার কখনো না খেয়ে দিন পার করে পরিবারের ৫ সদস্য। বাংলাদেশ সরকার যখন গরীব অসহায় মানুষদের পাশে দাড়িয়েছে। তখনও মেহেরনীগারের ভাগ্যে জোটেনি কোন সহযোগিতা। খোলা আকাশ যার ঘরের ছাদ, রোদ-বৃষ্টি তার নৃত্যদিনের সঙ্গী।

জানা গেছে, মেহেরপুর জেলার গাংনী উপজেলার ৮নং ধানখোলা ইউপি ৫ নং ওয়ার্ড ভাটাপাড়া গ্রামের ভাঙা মাটির ঘরে ৪ প্রতিবন্ধী সন্তান নিয়ে বসবাস করে মেহেরনীগার। ২০১২ সালে মেহেরপুর শহরের ভিক্ষা করতে গেলে সড়ক দুর্ঘটনায় মারা যায় স্বামী শফিকুল ইসলাম।
রেখে যায় ৪ মানসিক প্রতিবন্ধী কন্যা সন্তান। প্রথম কন্যা চাঁনতাঁরা খাতুন (১৭) ২য় কন্যা শুকতাঁরা খাতুন (১৪) ৩য় আঁখিতাঁরা খাতুন(১০) ৪র্থ নয়নতাঁরা খাতুন (৬)।

তবে ৪র্থ কন্যা সন্তান কে জালশুকা গ্রামে রফেউদ্দীন লালন পালন করছে ।

মেহেরনীগার বেগম জানান, “কোন আবাদি জমিজমা নেই, দেড় কাটা জমির উপর ক্ষুদ্র মাটির ঘর ছিলো। কিন্তু প্রাকৃতিক দুর্যোগ সেটাও চলে যায়। প্রথম কন্যা চাঁদতাঁরা খাতুনকে সাথে নিয়ে সারা দিন ভিক্ষা করে যা পাই, তাই দিয়ে কোন রকম খেয়ে না খেয়ে দিন পার করি।”

৮নং ধানখোলা ইউপি ৫ নং ওয়ার্ডের মেম্বার হযরত আলী জানান প্রতিবন্ধী কার্ড করা হয়নি তবে আগামীতে করে দেওয়া জন্য চেষ্টা করবো।
ধানখোলা ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামান বলেন, “আমি চেষ্টা করছি ২জন প্রতিবন্ধীকে কার্ড করে দেওয়ার জন্য। একটি পরিবারের ৪ জন সদস্য প্রতিবন্ধী এদের জন্য আমি কিছু করতে চাই।”

গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক বলেন বিষয়টি আমার জানা ছিলো না আমি দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নেবো।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দন্ডিত হকাজ্জেল হোসেন রামনগর গ্রামের আমিরুদ্দীন শেখ এর ছেলে।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট ইয়ানুর রহমান জানান, রামনগর গ্রামের হকাজ্জেল হোসেন তার নিজ বাড়িতে আখের রস ছাড়াই চিনি ও ঘি মিশিয়ে ভোজাল গুড় তৈরি করছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়।

ঘটনার সত্যতা পাওয়ায় ও হকাজ্জেল হোসেন তার অপরাধ স্বীকার করায় তাকে ২০ দিনের কারাদন্ড ও ১০ হাজার টাকা (অর্থদন্ড) জরিমানা করা হয়।

এ সময় ১২শ’ কেজি ভেজাল গুড়,২শ’ কেজি চিনি ও ১৩ কেজি ডালডা ঘি জব্দ করা হয়। জব্দকৃত মালামাল ভবানীপুর পুলিশ ক্যাম্পের এসআই ওলিউর রহমান ও এএসআই মামুনের কাছে জিম্মায় রাখা হয়েছে। সেই সাথে দন্ডিত আসামীকে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে সিএফএইচ এর উদ্যোগে ঔষধ বিতরণ

মেহেরপুরে সিএফএইচ এর উদ্যোগে ঔষধ বিতরণ করা হয়েছে।

রবিবার গাংনী হাসপতাল চত্তরে ছোট পরিবহন শ্রমিকদের মাঝ এই ওষুধ সামগ্রী বিতরণ করা হয়।

হিউম্যানিটি-সিএফএইচ সেচ্ছাসেবী সংগঠনের সদস্যরা ভ্রাম্যমাণ স্বাস্থ্য সেবা কর্মসূচি চালু করে।

সাধারণ চিকিৎসার জন্য প্রায় ৫০ জন শ্রমিকদের প্যারাসিটামল, ওমিপ্রাজল, ব্যথা নাশক ও খাবার স্যালাইন বিতরণ করা হয়।

মেপ্র/এমএফআর

[redacted]

[redacted]

[redacted]

[redacted]/[redacted]

[redacted]

[redacted]

[redacted]

লিটন ও তদন্তে আসা পুলিশ কর্মকর্তাকে নিয়ে আমাদের কাছে আসে এবং মাদক আছে মর্মে সার্চ করে। মাদক না পেয়ে ইউপি সদস্য জাহাঙ্গীর আলম লিটন পুলিশের সাথে চলে যাওয়ার চিৎকার করে বলেন এই গ্রামের বুকে কোন মাদক ব্যবসায়ী কিংবা সেবনকারীর স্থান হবেনা। আজ রবিবার (০৩-০৫-২০২০ ইং) ১২ টায় ইউপি সদস্য’র ভাই মিজান গাঁজা বের করে আমাদের দেখিয়ে বলে আমি গাঁজা খাবো কে ঠেকাই দেখবো। এসব কথাবার্তা বলার এক পর্যায় বাকবিতন্ডার ঘটনা ঘটে। পরে ইউপি সদস্য জাহাঙ্গীর আলম লিটন ধারালো অস্ত্র দিয়ে আমার বাম হাতে কোপ দিয়ে পালিয়ে যায়।

কুমারীডাঙ্গা পুলিশ ক্যাম্প ইনচার্জ এসআই আব্দুল আলিম জানান, আসাদুল ইসলাম নামের এক ব্যক্তিকে কুপিয়ে আহত করার অভিযোগে ইউপি সদস্য জাহাঙ্গীর আলম লিটনকে আটক করে ক্যাম্পে রাখা হয়েছে। এদিকে ইউপি সদস্য জাহাঙ্গীর আলম লিটন পুলিশ হেফাজতে ও তার ভাই মিজান পলাতক থাকায় তাদের বক্তব্য জানা সম্ভব হয়নি।

গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান জানান, ঘটনার রহস্য বের করার চেষ্টা চলছে। এছাড়া আহতের পরিবারের আবেদনের প্রেক্ষিতে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

গাংনী ধানখোলা ইউনিয়ন আ.লীগ সভাপতি আলী আজগরের বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আলী আজগরের বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ উঠেছে। ধানখোলা ইউনিয়নের ভাটপাড়া ইউপি সদস্য। এলাকায় প্রভাব বিস্তার করে বিভিন্ন কায়দায় সাধারণ মানুষের কাছ থেকে চাঁদা নিয়ে আসছে বলে অভিযোগ অনেকের।
নাম প্রকাশে অনিচ্ছুক অনেকেই জানান, রাজনৈতিক ক্ষমতা ব্যবহার করে এলাকার যুবকদের নিয়ে গ্যাং তৈরি করেছে। আলী আজগরের নেতৃত্বেই এই গ্যাং এর সদস্যরা সাধারণ মানুষকে ফাঁদে ফেলে চাঁদা আদায় করে।

এছাড়াও মিথ্যা মামলার ভয় দেখিয়ে হয়রানি করার অভিযোগ উঠেছে তার বিরুৃদ্ধে।
অর্থ আর রাজনৈতিক ক্ষমতার বলে তার বিরুদ্ধে কেউ কথা বলতে সাহস পাইনা। অত্যাচার সহ্য করতে না পেরে কেউ যদি তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে যায় তাকেও মামলা ও সন্ত্রাসী বাহিনীর ভয় দেখিয়ে থামিয়ে দেওয়া হয়।
অভিযোগ অস্বীকার করে আলী আজগর বলেন, আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করা হচ্ছে। আমি রাজনীতি করি, আমার বিপক্ষ একটি গ্রুপ এই সব মিথ্যা কথা ছড়াচ্ছে।

মেহেরপুরে অগ্নিকান্ডে আহত গৃহবধূর মৃত্যু

মেহেরপুর জেলার গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের বাওট গ্রামে অগ্নিকান্ডের ঘটনায় আফিয়া খাতুন (৩৫) নামের এক গৃহবধূ তিন দিন পর মারা গেছেন।

আজ বৃহস্পতিবার সকালের দিকে ঢাকা বার্ণ ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় গৃহবধূ আফিয়া মারা যান।

গৃহবধূ আফিয়া বাওট গ্রামের মধ্য (রাজধানী) পাড়ার আশরাফুল ইসলামের স্ত্রী।

স্থানীয়রা জানান, আফিয়া গত রোববার (২৬ এপ্রিল) বিকেলের দিকে রান্না ঘরের চুলোতে রুটি তৈরী করছিলেন। রুটি তৈরীর এক পর্যায়ে সে আকস্মিকভাবে চুলোর আগুনে পড়ে যান। এসময় আগুনে তার শরীর মারাত্বকভাবে ঝলসে যায়।

পরে প্রতিবেশীরা এসে তাকে উদ্ধার করে প্রথমে স্থানীয় বামন্দী শহরের একটি ক্লিনিকে নেয়। সেখানে তার অবস্থার অবনতি হলে তাৎক্ষনিক ভাবে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

পরে উন্নত চিকিৎসার জন্য তাকে ঢাকা বার্ণ ইউনিটে ভর্তি করা হয়।

তিন দিন মৃত্যুর সাথে পাঞ্জা লড়ে বৃহস্পতিবার চিকিৎসাধীন অবস্থায় মারা যান।

গাংনীর ডিসি ইকো পার্কের নির্মানাধিন স্মৃস্তিস্থম্ভের বেদি বালির পরিবর্তে মাটি দিয়ে ভরাট

সরকারি নির্দেশনা উপেক্ষা করে গাংনী ভাটপাড়া ডিসি ইকো পার্কে চলছে স্মৃতিস্থম্ভের নির্মাণ কাজ। এর আগে পার্কের নির্মাণ কাজ নিয়ে অনিয়মের সংবাদ প্রকাশ হওয়ার পর উপজেলা প্রশাসন কাজটি বন্ধ রাখার নির্দেশ দেন। করোনা পরিস্থিতিতির কারনে নির্মানাধীন কাজে প্রশাসনিক তদারকি সঠিকভাবে করতে না পারায় বন্ধ রাখার নির্দেশ দেন নির্বাহী অফিসার দিলারা রহমান।

কিন্তু সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়াম্যান ফারুক হোসেন নির্দেশনা উপেক্ষা করে কাজটি চলমান রেখেছেন। চলামান কাজে স্মৃতিস্থম্ভের চারিপাশে ৬ টি টবে বালির পরিবর্তে মাটি ব্যবহার করার অভিযোগ উঠেছে।

এ বিষয়ে সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ফারুক হোসেন জানান, কাজ বন্ধ রাখার নির্দেশ রয়েছে আমি জানি। তারপরও অল্প একটু কাজ করেছি। করোনা পরিস্থিতিতি স্বাভাবিক হলে সাংবাদিকদের ডেকে কাজ শুরু করবো। বালির পরিবর্তে মাটি দেওয়ার কথা জানতে চাইলে তিনি বিষটি এড়িয়ে যান।

উল্লেখ্য, গাংনী ভাটপাড়া ডিসি ইকো পার্কে স্মৃতিস্থম্ভ নির্মাণ করার জন্য সরকার ৪১ লাখ ৪৭ হাজার টাকা বরাদ্ধ দেয়। কুষ্টিয়া মিরপুর এলাকার ঠিকাদার সোহেল রেজা কাজটি পাই। পরে সাহারবাটি ইউপি চেয়ারম্যান ফারুক হোসেন কাজটি সম্পূর্ন করার দায়িত্ব নেন।

স্বল্প পরিসরে পালিত হলো ‘মেহেরপুর প্রতিদিন’ এর ২য় প্রতিষ্ঠা বার্ষিকী

মেহেরপুর প্রতিদিন এর দ্বিতীয় প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। গতকাল মঙ্গলবার মেহেরপুর প্রতিদিন এর প্রধান কার্যালয়ে স্বল্প পরিসরে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

এ উপলক্ষে প্রতিনিধি ও পেপার বিলিকারকদের নিয়ে ইফতার মাহফিলের আয়োজন করা হয়। গত ২৬ মার্চ মেহেরপুর প্রতিদিন এর দ্বিতীয় প্রতিষ্ঠা বার্ষিকী পালন হওয়ার কথা থাকলেও করোনা পরিস্থিতির কারনে পালন করা হয়নি। করোনা পরিস্থিতিতি কবে নাগাদ স্বাভাবিক হবে সঠিক তথ্য না থাকায় সামাজিক ও শারিরীক দুরুত্ব বজায় রেখে শুধু ইফতার মাহফিলের মধ্য দিয়ে দিনটি পালন করা হয়।

প্রতিষ্ঠা বার্ষিকীর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, পত্রিকার প্রকাশক এম এ এস ইমন, সম্পাদক ইয়াদুল মোমিন, জেলা প্রেস ক্লাবের সভাপতি তোযাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিন এর যুগ্ম সম্পাদক আল-আমিন, চীফ রিপোর্টার মর্তুজা ফারুক রুপক, স্টাফ রিপোর্টার এ শাহীন সিদ্দিকী, আক্তার হোসেন, শহিদুল ইসলাম, পারভেজ, বাসারুল, ফয়সাল, পিয়াল, রনি, মিন্টু সহ প্রত্রিকা সংস্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।